গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd

# জয়পুরহাট জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটির মার্চ/ ২০২৩ইং মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : সালেহীন তানভীর গাজী
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট।
স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ
তারিখ : ১২/০৩/২০২৩ খ্রিঃ, সময় :দুপুর ১২.৪০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত বিষয়সমূহ আলোচনা করা হয়।

ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট বলেন, অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে জনগণ ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে নিয়মিত সচেতনতামূলক সভার আয়োজন করা হচ্ছে। নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে ফার্মেসীর নজরদারি কার্যক্রম বৃদ্ধি করা হয়েছে।

তিনি আরও বলেন, গত ফেব্রুয়ারী মাসে জয়পুরহাট জেলায় ৫৮টি ফার্মেসী ও ০১টি ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে ০৩টি মোবাইল কোর্টের মাধ্যমে ১০টি মামলায় ২৭,০০০/-টাকা অর্থদন্ড করা হয়েছে এবং ফার্মেসীতে ড্রাগ লাইসেন্স না থাকার জন্য বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে ০২ টি নিয়মিত মামলা করা হয়েছে। মাঠ পর্যায়ে ঔষধের মান যাচাই করার জন্য ০৩টি ঔষধের নমুনা রাজশাহীর মিনি ল্যাবে এবং ০২টি ঔষধের নমুনা ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকাতে প্রেরণ করা হয়েছে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণ করার নিমিত্তে ঔষধ ব্যবসায়ীদের নিয়ে ০১টি জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে যেখানে মোট ৬০ জন ঔষধ ব্যবসায়ী উপস্থিত ছিলেন।

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও সভার সভাপতি বলেন, অ্যান্টিবায়োটিক পূর্ণ কোর্সে বিক্রয় করতে হবে এবং প্রত্যেক ফার্মেসীতে অ্যান্টিবায়োটিক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। প্রেসক্রিপশন ব্যতীত এন্টিবায়োটিক ঔষধ বিক্রি বন্ধে ফার্মেসীর সম্মুখে ব্যানার প্রদর্শন করতে হবে। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ঔষধ বিক্রয় করতে হবে। নকল, ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে এবং ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।

অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | প্রতিটি ফার্মেসীর সম্মুখে "এই ফার্মেসীতে বিএমডিসির রেজিস্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ও ফুল কোর্স ছাড়া এন্টিবায়োটিক বিক্রি করা হয় না " লিখা ব্যানার প্রদর্শন করতে হবে। | ১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট<br>২) সভাপতি, বিসিডিএস ,জয়পুরহাট |

| | | |
|---|---|---|
| ২. | জেলার প্রত্যেক ফার্মেসীতে প্রশিক্ষিত ফার্মাসিস্টের উপস্থিতি নিশ্চিত করতে হবে ও সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ঔষধ বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট<br>২) সভাপতি, বিসিডিএস ,জয়পুরহাট |
| ৩. | ঔষধের মান যাচাই করার জন্য ঔষধের নমুনা নিয়মিত ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীতে প্রেরণ করতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট |
| ৪. | নকল, ভেজাল, মেয়াদোত্তীর্ণ ঔষধ ও এন্টিবায়োটিকের অপব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট<br>২) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট<br>৩) সভাপতি, বিসিডিএস ,জয়পুরহাট<br>৪) বাংলাদেশ হোমিওপ্যাথিক অ্যাসোসিয়েশন,জয়পুরহাট |
| ৫. | মোবাইল কোর্টের মাধ্যমে ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট<br>২) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট<br>৩) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট |

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

০৫/৪/২০

(সালেহীন তানভীর গাজী)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি
জয়পুরহাট
☎ ০২৫৮৯৯১৫০৫১
dcjoypurhat@mopa.gov.bd

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক

(জেষ্ঠ্যতার ক্রমঅনুযায়ী নয়)

১.জেলা প্রশাসক, জয়পুরহাট।
২.অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট।
৩.পুলিশ সুপার, জয়পুরহাট প্রতিনিধি।
৪.সিভিল সার্জন, জয়পুরহাট।
৫.উপপরিচালক (পরিবার পরিকল্পনা), জয়পুরহাট প্রতিনিধি।
৬.উপজেলা নির্বাহী অফিসার, কালাই, জয়পুরহাট।
৭.উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।
৮.উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট।
৯.উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট।
১০.উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট।
১১.জেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি।
১২.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, জয়পুরহাট।
১৩.সিনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা , জয়পুরহাট ।
১৪.ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ।
১৫.সভাপতি,বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতি , জয়পুরহাট প্রতিনিধি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়
ঔষধ প্রশাসন, জয়পুরহাট।

স্মারক নং :ঔপ্র/জয়/সভা/২০২০/ ২৭৭ তারিখ: ০৬/০৪/২০২৩ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, ঔষধ প্রশাসন, রাজশাহী।

৪) ------------------------------------------------,জয়পুরহাট।

06.04.2023

( মোঃ মোকছেদুল আমিন )
সদস্য সচিব
জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি
জয়পুরহাট
☎ ০২৫৮৯৯১৫৪৭৬
drugadjoypurhat@gmail.com